"প্রত্যাগত অভিবাসী
ফিরে এলেও পাশে আছি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ সেন্টার,হবিগঞ্জ
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
পান্ত-নীড়[(৩য় তালা), বাড়ি-৬৩২৩, ফায়ার সার্ভিস রোড, হবিগঞ্জ
www.wewb.gov.bd

নম্বর- ৪৯.০৪.৩৬০০.০০১.০০০.১৬.০০৬৮.২৬.১৮৬

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: এসএসসি/সমমান-২০২৬, এইচএসসি/সমমান-২০২৫ ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-২০২৫ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির আবেদনের বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

সুত্র: ৪৯.০৪.০০০০.০০৪.০১৮.২৪২.২০২৬-১২১, তারিখ: ০৮-১০-২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সুত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের এসএসসি/সমমান-২০২৬, এইচএসসি/সমমান-২০২৫ ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-২০২৫ ক্যাটাগরিতে শিক্ষা বৃত্তি প্রদানের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা হতে অনলাইনে (https://portal.wewb.gov.bd) আবেদন আহ্বান করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদনের সময়সীমা ২৫ অক্টোবর ২০২৬ হতে ২৪ নভেম্বর ২০২৬ পর্যন্ত।

এমতাবস্থায়, শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তিটি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

29/10/2026
মোঃ তাজ উদ্দীন
সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)
প্রবাসী কল্যাণ সেন্টার,হবিগঞ্জ,
wc.sylhet@wewb.gov.bd

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ

[দৃ:আ: সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রট
প্রবাসী কল্যাণ শাখা]

অনুলিপি:

০১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০২। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

স্মারক নং: ৪৯.০৪.০০০০.০০৪.০১৮.২৪২.২০২৬-২২৯ তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এসএসসি/সমমান-২০২৬, এইচএসসি/সমমান-২০২৫ ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-২০২৫ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য আবেদন আহ্বান।

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৬ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত ও ২০২৫ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিক্যাল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৫ সালে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং-এ (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। আবেদনের যোগ্যতা :

ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন তাদের সন্তান;
খ) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ২ (দুই) জন সন্তান শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে।

২। নিম্নোক্ত ছকে বর্ণিত শর্ত সাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ	
			(ক) প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে	(খ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান ২০২৬	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও ব্যবসায় শিক্ষা	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান ২০২৫	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.০০
		মানবিক ও ব্যবসায় শিক্ষা	৪.৫০	৪.০০
০৩	ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ২০২৫	-	৩.২৫	৩.০০

৩। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে :

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ সম্বলিত পাসপোর্ট-এর কপি;
খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র;
গ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত এনওসি (দূতাবাস সনদ)-এর কপি;
ঘ) শিক্ষার্থীর যে কোনো তফসিলি ব্যাংকের হিসাব নম্বর ও ব্যাংক রাউটিং নম্বরসহ স্টেটমেন্ট (এজেন্ট ব্যাংকিং গ্রহণযোগ্য নয়);
ঙ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি ও স্বাক্ষর এবং
চ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/এনআইডি-এর কপি।

৪। শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ :

ক) এসএসসি/সমমান: একাদশ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২ (দুই) বছর, তবে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের ক্ষেত্রে সর্বোচ্চ ৪ (চার) বছর।
খ) এইচএসসি/সমমান: ডিগ্রি (পাস) কোর্স এর জন্য ৩ (তিন) বছর, স্নাতক এর জন্য ৪ (চার) বছর, তবে এমবিবিএস, বিডিএস (ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি), ডিভিএম (ডক্টর অফ ভেটেরিনারি মেডিসিন), বি.আর্ক (ব্যাচেলর অফ আর্কিটেকচার) এ ৫ (পাঁচ) বছর এবং অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রেও ৫ (পাঁচ) বছর এবং
গ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং: বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ৪ (চার) বছর।

৫। অনলাইনে আবেদনের প্রক্রিয়া :

ক) সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে এবং আবেদনের জন্য https://portal.wewb.gov.bd লিংকে ভিজিট করুন।
খ) অনলাইনে আবেদনের সময়সীমা: **২৫ অক্টোবর ২০২৬ হতে ২৪ নভেম্বর ২০২৬ তারিখ** পর্যন্ত।

৬। শর্তাবলি :

ক) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে, সরাসরি বা ডাকযোগের আবেদন গ্রহণ করা হবে না;
খ) প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে;
গ) অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তিপ্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং
ঘ) এ সংক্রান্ত যেকোন তথ্যের জন্য প্রবাসী কল সেন্টার (দেশ থেকে: ১৬১৩৫ টোল ফ্রি এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০১০২০৩০) ও জেলা প্রবাসী কল্যাণ সেন্টারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৮/১০/২৬
(মোঃ সাইদুর রহমান)
উপসচিব
পরিচালক (আইআরপি)